

বাংলাদেশ মৎস্য অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে
উপজেলা নৈতিকতা কমিটির সভা

সভাপতিঃ মোঃ মোস্তফা মিয়া, উপজেলা মৎস্য কর্মকর্তা, বন্দর, নারায়ণগঞ্জ।


স্থানঃ উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বন্দর, নারায়ণগঞ্জ।

তারিখঃ ০৭/১২/২০২৩ খ্রিঃ।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি উপজেলা মৎস্য কর্মকর্তা, বন্দর, নারায়ণগঞ্জ এর সভাপতি কমিটির সকল সদস্যগণকে সভায় স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। নিম্নে বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তসমূহ সন্নিবেশিত করা হলো।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	নিয়মানুবর্তিতাঃ দপ্তরে নিয়মিত ও যথাসময়ে উপস্থিতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	ক) সকল কর্মকর্তা-কর্মচারিকে দপ্তরে নিয়মিত উপস্থিত থাকতে হবে। খ) সরকার নির্ধারিত সময়ের মধ্যে দপ্তরে উপস্থিত হতে হবে ও নির্ধারিত সময়ের পূর্বে দপ্তর ত্যাগ করা যাবে না। গ) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে দপ্তরে অনুপস্থিত থাকা বা কর্মস্থল ত্যাগ করা যাবে না।	মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা ও অন্যান্য কর্মচারিবৃন্দ, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বন্দর, নারায়ণগঞ্জ।
২।	অভিযোগ প্রতিকারঃ জনগনের সেবা প্রাপ্তির অধিকার নিশ্চিত করার জন্য জনসাধারণের কোন অভিযোগ থাকলে তা প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	ক) জনসাধারণের অভিযোগ শোনা ও তার প্রতিকারের জন্য নিদিষ্ট সময় রাখতে হবে। খ) প্রাপ্ত অভিযোগের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে। গ) প্রয়োজনে উচ্চতর কর্তৃপক্ষের সাথে আলোচনা করতে হবে।	সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তা
৩।	স্বচ্ছতাঃ দাপ্তরিক আয়-ব্যয়সহ সকল কার্যক্রমে স্বচ্ছতা বজায় রাখার ব্যাপারে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	ক) অর্থনৈতিক বিষয়াদিসহ দাপ্তরিক যাবতীয় কার্যক্রম স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। খ) সব ধরনের কাজের দাপ্তরিক দালিলিক প্রমাণ রাখতে হবে। গ) কাজের সাথে সংশ্লিষ্ট নথি, রেজিস্টার ইত্যাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তা ও অফিস সহকারী
৪।	শিষ্টাচারঃ শিষ্টাচার অনুশীলনের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং কার্যক্ষেত্রে শিষ্টাচার অনুসরণের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।	ক) দপ্তরে পদমর্যাদা ও বয়স অনুযায়ী সকলকে প্রাপ্য সম্মান দিতে হবে। খ) অন্যান্য দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সাথে আচরণের ক্ষেত্রেও উপরোক্ত নীতি কঠোরভাবে মেনে চলতে হবে।	মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা ও অন্যান্য কর্মচারিবৃন্দ, উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বন্দর, নারায়ণগঞ্জ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ মোস্তফা মিয়া)
উপজেলা মৎস্য কর্মকর্তা
বন্দর, নারায়ণগঞ্জ।

ইমেইল-ufobondar@gmail.com
তারিখঃ ০৭/১২/২০২৩


পত্র নং- ৩৩.০২.৬৭০৪.৫০১.০৮.০১৭.২৩- ১৭/১৭
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।

২। জেলা মৎস্য কর্মকর্তা, নারায়ণগঞ্জ।

৩। জনাব উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বন্দর, নারায়ণগঞ্জ।

৪। অফিস কপি।


(মোঃ মোস্তফা মিয়া)
উপজেলা মৎস্য কর্মকর্তা
বন্দর, নারায়ণগঞ্জ।